

সংবাদ প্রবাহ

বুধবার ১৭ অক্টোবর ২০১২

ঋতুপর্ণার বাড়িতে সাংস্কৃতিক অনুষ্ঠান



নিজস্ব সংবাদদাতা : স্বেচ্ছাসেবী সংস্থা প্রয়াস এবং দিশার যৌথ উদ্যোগে বাংলা ছবির অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তর বাড়িতে হল দাবিদ্র সীমার নিচে অবস্থানকারী পরিবারের ছেলেমেয়েদের নিয়ে আনন্দ অনুষ্ঠান। ৮ অক্টোবর ওই অনুষ্ঠানে ঋতুপর্ণা ছাড়াও উপস্থিত ছিলেন ভেদিক ভিলেজের চেয়ারম্যান রাজ মোদি। এদিন ছেলে মেয়েরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। তাদের প্রত্যেকের হাতে উপহার তুলে দেন ঋতুপর্ণা।

ছবি : নির্মল চক্রবর্তী